গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।
ওয়েব সাইট: www.jbc.gov.bd, ই-মেইল: mds@jbc.gov.bd

স্মারক: ৫৩.১৯.০০০০.৩০০.১১.০০১.২৩-২৯৬

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান জীবন বীমা কর্পোরেশনে নিম্নে বর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে **http://jbc.teletalk.com.bd** দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না। নিয়োগের ক্ষেত্রে আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ০১-০৩-২০২৪ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রোগ্রামার | টাঃ ২২,০০০-৫৩,০৬০/- | ২(দুই)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল/ কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড (Aptitude) টেস্টে উত্তীর্ণ। |
| ২ | জুনিয়র অফিসার-প্রকৌশলী(সিভিল) | টাঃ১৬,০০০-৩৮,৬৪০/- | ১(এক)টি | অনূর্ধ্ব ৩০ | প্রকৌশলে (সিভিল) স্নাতক পাস বা সমমানের ডিগ্রি অথবা প্রকৌশলে (সিভিল) ডিপ্লোমা পাস এবং উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) বা সমমানের পদে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩ | ড্যাটা এন্ট্রি সুপারভাইজার/ কন্ট্রোল সুপারভাইজার | টাঃ১৬,০০০-৩৮,৬৪০/- | ১(এক)টি | অনূর্ধ্ব ৩৫ | (ক) এইচ এস সি পাসসহ ড্যাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | সিনিয়র ড্যাটা এন্ট্রি অপারেটর/ সিনিয়র কন্ট্রোল অপারেটর | টাঃ১২,৫০০-৩০,২৩০/- | ১(এক)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) এইচ এস সি পাসসহ ড্যাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) প্রতি ঘন্টায় ১০,০০০ কী ডিপ্রেশন মানের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | ড্যাটা এন্ট্রি অপারেটর/ কন্ট্রোল অপারেটর | টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ৬(ছয়)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) এইচ এস সি পাস, বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) ড্যাটা এন্ট্রি অপারেটরদের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুট টেস্টে উত্তীর্ণ। |

**আবেদনকারীদের জন্য শর্তাবলী:**

১. আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট ( http://jbc.teletalk.com.bd )-এ online application form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পুরণ করতে হবে।

২. বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় এবং যে ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩০ বছর সে ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধি/ শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর।

৩. চার বছর মেয়াদী অনার্স ডিগ্রী, তিন বছর মেয়াদী অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য হিসেবে গণ্য হবে।

৪. আবেদনের সময়সীমা:
১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৪-০৩-২০২৪ খ্রিঃ, সকাল: ১০.০০ ঘটিকায়।
২) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ ৩১-০৩-২০২৪ খ্রিঃ, সন্ধ্যা: ০৬.০০ ঘটিকায়।

৫. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ On-line- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (ক) সহকারী প্রোগ্রামার, জুনিয়র অফিসার-প্রকৌশলী (সিভিল) এবং ড্যাটা এন্ট্রি সুপারভাইজার/কন্ট্রোল সুপারভাইজার পদের ক্ষেত্রে টাঃ ৬৬৯/- (খ) সিনিয়র ড্যাটা এন্ট্রি অপারেটর/সিনিয়র কন্ট্রোল অপারেটর এবং ড্যাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল অপারেটর পদের ক্ষেত্রে টাঃ ৪৪৬/- জমা দিতে হবে।

৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview ছবি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইলের মাধ্যমে ২(দুই)টি SMS করে পরীক্ষার ফি (৫নং শর্তানুসারে) অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম: SMS: JBC<space>User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

**দ্বিতীয়: SMS: JBC<space>Yes<space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

৭. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (**http://jbc.teletalk.com.bd**)-এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

৮. Online আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৯. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

**JBC<space>Help<space>User<space>User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **JBC Help User ABCDEF** & Send করতে হবে 16222 নম্বরে।

(ii) PIN Number জানা থাকলে:

**JBC<space>Help<space>PIN<space>PIN No** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **JBC Help PIN 1234567** & Send করতে হবে 16222 নম্বরে।

১১. JBC নিয়োগ পরীক্ষা-২০২৪-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদন পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট **http://jbc.teletalk.com.bd** ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট http://www.jbc gov.bd এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। পরবর্তীতে লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (রঙিন), শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/নিবন্ধন সনদ এর কপি, মুক্তিযোদ্ধা কোটার আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য অনুষাঙ্গিক কাগজপত্র online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) সহ প্রশাসন বিভাগ, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষ তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৩. চাকরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে কাগজ-পত্রাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তা প্রেরণ করতে হবে।

১৪. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জীবন বীমা কর্পোরেশনের ওয়েবসাইট **www.jbc.gov.bd** এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা (**http://jbc.teletalk.com.bd**)-এ ওয়েবসাইটে অথবা **QR-Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd এ সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.jbc.gov.bd ওয়েবসাইট ও নোটিশ বোর্ড হতে জানা যাবে।

১৫. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য এবং প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd, টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbd এবং Teletalk মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: JBC; Post Name *** Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারিকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কোন প্রকার খরচ বহন করবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**আবেদনের শেষ তারিখ: ৩১-০৩-২০২৪খ্রিঃ**

জীবন বীমা কর্পোরেশনের ওয়েব সাইটে প্রবেশ এর QR Code

জীবন বীমা কর্পোরেশন এর টেলিটক পোর্টালের QR Code

29/02/'24

**(মোহাম্মদ মাহবুবুল আলম)**
ডেপুটি জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-প্রশাসন।